

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৪, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ২০ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/০৪ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২১৬-আইন/২০২৩/ফিল্ড ফা (রাজ-৪)।—যেহেতু, সরকার Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No.V of 1938), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 9 এর sub-section (1) তে প্রদত্ত ক্ষমতাবলে ফিল্ড ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার উদ্দেশ্যে গত ১৫ পৌষ, ১৪০৬ বঙ্গাব্দ মোতাবেক ২৯ ডিসেম্বর, ১৯৯৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৭৯-আইন/৯৯/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা নিম্ন তফসিলে বিধৃত কক্সবাজার জেলার আওতাধীন নিদানীয়া ও ইনানী এয়ার ডিফেন্স (এডি) ফায়ারিং রেঞ্জ এলাকা, অতঃপর উক্ত এলাকা বলিয়া উল্লিখিত, বা উহার অংশ বিশেষকে নির্ধারণ করিয়াছে;

এবং যেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে গত ২৯ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ মোতাবেক ১২ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের নোটিশ এস, আর, ও নং ১৮৩-আইন/২০২৩ দ্বারা উক্ত এলাকায় ৫ জুলাই, ২০২৩ হইতে ৪ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত ফিল্ড ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার জন্য প্রজ্ঞাপন জারি করিবার উদ্দেশ্যে, একটি অভিপ্রায় নোটিশ জারি করিয়াছ;

( ৮৯২১ )

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে আগামী ৫ জুলাই, ২০২৩ হইতে ৪ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত উক্ত এলাকায় ফিল্ড ফায়ারিং এবং আর্টিলারি প্র্যাকটিস পরিচালনা অনুমোদন করিল, যথা:—

### তফসিল

ক। কামান এলাকার সীমানা - সমুদ্র উপকূলের যে কোন জায়গা কামান রাখার জন্য নির্বাচিত হইতে পারে, যদিঃ

(১) ইহা উঁচু জোয়ারের সময় পানির কিনারা হইতে পূর্বদিকে ১০০০ গজ পর্যন্ত দূরত্ব হয়।

(২) উত্তর সীমানা : নিদানিয়া।

- |     |             |  |
|-----|-------------|--|
| (ক) | দ্রাঘিমাংশ  | : ৯২ ডিগ্রী ০৩ মিনিট ২৫ সেকেন্ড পূর্ব।                           |
| (খ) | অক্ষাংশ     | : ২১ ডিগ্রী ১৫ মিনিট ৫০ সেকেন্ড উত্তর।                           |
| (গ) | ভূ-সূত্র    | : ইউ এইচ (সি জি) ০৩১৬।   |
| (ঘ) | গ্রীড সূত্র | : বর্গক্ষেত্র ৩৩৩০, মানচিত্র সীট নং ৮৪সি/৩,<br>স্কেল ১ : ৫০,০০০। |
| (ঙ) | থানা        | : উখিয়া।  |
| (চ) | জেলা        | : কক্সবাজার।   |

(৩) দক্ষিণ সীমানা : ইনানী।

- |     |             |  |
|-----|-------------|--|
| (ক) | দ্রাঘিমাংশ  | : ৯২ ডিগ্রী ০৭ মিনিট ১৫ সেকেন্ড।                                 |
| (খ) | অক্ষাংশ     | : ২১ ডিগ্রী ১৪ মিনিট ১০ সেকেন্ড।                                 |
| (গ) | ভূ-সূত্র    | : ইউ এইচ (সি জি) ০৩১৪।   |
| (ঘ) | গ্রীড সূত্র | : বর্গক্ষেত্র ৩৩২৪, মানচিত্র সীট নং ৮৪সি/৩,<br>স্কেল ১ : ৫০,০০০। |
| (ঙ) | থানা        | : উখিয়া।  |
| (চ) | জেলা        | : কক্সবাজার।   |

খ। ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা (অর্থাৎ টার্গেট এলাকা):

- |     |                                |  |
|-----|--------------------------------|--|
| (১) | উত্তর সীমানা                   | : নিদানিয়া হইতে ৩১৫ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত)।  |
| (২) | দক্ষিণ সীমানা                  | : ইনানী হইতে ২১৫ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত)।  |
| (৩) | ফায়ারিং/কামান এলাকার ব্যাপ্তি | : ১৫,০০০ গজ অথবা ৮.৫ মাইল সমুদ্রের আকাশ কেন্দ্র হইতে ফায়ারিং এলাকার বরাবর উত্তর এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে। |
| (৪) | বিপদ এলাকার উচ্চতা             | : ২৫,০০০ ফুট।  |

গ। এলাকার সীমানা - এলাকাটি নিম্নোক্ত ভৌগোলিক কেন্দ্র বিন্দুতে ক্রমানুসারে মিলিত একটি রেখার দ্বারা বেষ্টিত:—

দ্রাঘিমাংশ (পূর্ব)

অক্ষাংশ (উত্তর)

(১) বিন্দু ১. ৯২ ডিগ্রী ০৩ মিনিট ২৫ সেকেন্ড	২১ ডিগ্রী ১৬ মিনিট ৫০ সেকেন্ড
(২) বিন্দু ২. ৯২ ডিগ্রী ০৩ মিনিট ১৫ সেকেন্ড	২১ ডিগ্রী ১৪ মিনিট ১০ সেকেন্ড
(৩) বিন্দু ৩. ৯১ ডিগ্রী ৫৭ মিনিট ৫৫ সেকেন্ড	২১ ডিগ্রী ২২ মিনিট ৪৫ সেকেন্ড
(৪) বিন্দু ৪. ৯১ ডিগ্রী ৫৮ মিনিট ৪৫ সেকেন্ড	২১ ডিগ্রী ০৮ মিনিট ১৫ সেকেন্ড

ঘ। এলাকাটিতে মৌজা অন্তর্ভুক্তিঃ

ক্রমিক	মৌজা	জে এল নং	সীট নং
১।	ইনানী	২	১

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জুবাইদা মামান**  
যুগ্মসচিব।